শাহজালাল কার্গো ভিলেজে ভয়াবহ আগুনে আহত অন্তত ৭



সংগৃহীত ছবি

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের কার্গো ভিলেজে ভয়াবহ অগ্নিকাণ্ডে ফায়ার সার্ভিস সদস্যসহ অন্তত ৭ জন আহত হয়েছেন। আগুন লাগার ঘণ্টাখানেক পরও নিয়ন্ত্রণে আসেনি। নিরাপত্তার কারণে ফ্লাইট ওঠানামা সাময়িকভাবে স্থগিত করা হয়েছে, কয়েকটি ফ্লাইট বিকল্প বিমানবন্দরে অবতরণ করেছে।

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের কার্গো ভিলেজে শনিবার (১৮ অক্টোবর) দুপুরে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। ফায়ার সার্ভিসের ৩৬টি ইউনিট আগুন নিয়ন্ত্রণে আনতে কাজ করছে। এ ঘটনায় ফায়ার ফাইটারসহ অন্তত ৭ জন আহত হয়েছেন বলে জানা গেছে। আহতদের দ্রুত হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে।

প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, আগুনের সূত্রপাত হয় কার্গো ভিলেজের কুরিয়ার সেকশন থেকে, যেখানে আমদানি করা কেমিক্যাল, ফার্মাসিউটিক্যাল যন্ত্রপাতি, সুতা এবং অন্যান্য দাহ্য পদার্থ মজুদ ছিল। কার্গো ভিলেজটি মূলত বিভিন্ন দেশ থেকে আমদানি করা পণ্য সংরক্ষণ ও ছাড়ের জন্য ব্যবহৃত হয়।

অগ্নিকাণ্ডের কারণে শাহজালাল বিমানবন্দরে সব ধরনের ফ্লাইট ওঠানামা সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে। ইতিমধ্যে ঢাকাগামী ৮টি ফ্লাইট বিকল্পভাবে চট্টগ্রামের শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে এবং একটি ফ্লাইট সিলেটের ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করেছে।

ফায়ার সার্ভিসের কর্মকর্তারা জানিয়েছেন, আগুনের তীব্রতা অনেক বেশি হওয়ায় নিয়ন্ত্রণে আনতে সময় লাগছে। ক্ষয়ক্ষতির পরিমাণ এখনও নির্ধারণ করা সম্ভব হয়নি।